

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৫৯

আগরতলা, ৬ ডিসেম্বর, ২০২০

দেশে সামাজিক ন্যায় প্রতিষ্ঠার অন্যতম পথিকৃত  
ছিলেন ড. বি আর আশ্বেদকর : উপমুখ্যমন্ত্রী

ড. বি আর আশ্বেদকরের ৬৫তম তিরোধান দিবস উপলক্ষে আজ উজ্জ্বয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। তপশিলী জাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে ড. বি আর আশ্বেদকরের আবক্ষ মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধার্থ্য নিবেদন করেন প্রধান অতিথি উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা। এছাড়াও আবক্ষ মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধার্থ্য নিবেদন করেন বিধানসভার অধ্যক্ষ রেবতী মোহন দাস, সাংসদ প্রতিমা ভৌমিক, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি অন্তরা সরকার (দেব), বিধায়ক রঞ্জিৎ দাস, তপশিলী জাতি কল্যাণ দপ্তরের সচিব সহদেব দাস ও অধিকর্তা সন্তোষ দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা রতন বিশ্বাস, খাদ্য, জনসংভরণ এবং ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের অধিকর্তা তপন দাস সহ অন্যান্যরা।

অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা বলেন, আমাদের দেশে সামাজিক ন্যায় প্রতিষ্ঠার অন্যতম পথিকৃত ছিলেন ড. বি আর আশ্বেদকর। তপশিলী জাতি, জনজাতি, নিপীড়িত ও পিছিয়ে পড়া মানুষের কল্যাণে তিনি সারা জীবন কাজ করে গেছেন। ভারতবর্ষের সংবিধান রচনায় তার অবদান ছিলো অনস্বীকার্য। বিধানসভার অধ্যক্ষ রেবতী মোহন দাস সাংবাদিকদের বলেন, সমাজে পিছিয়ে পড়া মানুষদের মূল স্রোতে ফিরিয়ে আনতে এবং তাদের অধিকার রক্ষার কাজে ড. বি আর আশ্বেদকর কাজ করে গেছেন। অনুষ্ঠান উপলক্ষে শিল্পীরা ভজন ও রবীন্দ্র সংগীত পরিবেশন করেন।

\*\*\*\*\*